

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৬৯

২/ সালাত (নামায) (১ হা০ ১ হা০)

পরিচ্ছেদঃ ২২২, গ্রামাঞ্চলে জুমুআর নামায আদায় সম্পর্কে।

باب الْجُمْعَةِ فِي الْقُرَى

আরবী

বাংলা

১০৬৯. কুতায়বা ইবনে সাঈদ (রহঃ) আব্দুর রহমান ইবনে কাব ইবনে মালিক (রাঃ) হতে বর্ণিত, তার পিতা কাব (রাঃ) এর দৃষ্টিশক্তি বিলুপ্ত হওয়ার পর তিনি তার পরিচালক ছিলেন। তিনি তার পিতা কাব (রাঃ) এর সূত্রে হাদীছ বর্ণনা প্রসংগে বলেন, তার পিতা যখন জুমার নামাযের আযান শুনতেন, তখন আস্আদ ইবনে যুরারা (রাঃ) এর জন্য দোয়া করতেন। তার এরূপ দোয়া করার কারণ সম্পর্কে আমি জিজ্ঞেস করলে তিনি বলেন, যেহেতু তিনি ইয়ামানের "হাযম আল-নাবিত" নামক গ্রামে আমাদের জন্য সর্বপ্রথম জুমার নামায কায়েম করেন। এই স্থানটি "নাকী" নামক স্থানের "বানি বায়াদার-হুররাতে" অবস্থিত এবং তা নাকী আল-খাদামাত নামে প্রসিদ্ধ। অতঃপর আমি আমার পিতাকে জিজ্ঞাসা করি, সে সময়ে আপনারা সংখ্যায় কতজন ছিলেন? তিনি বলেনঃ চল্লিশজন। (ইবনে মাজাহ)

English

Narrated Ka'b ibn Malik:

AbdurRahman ibn Ka'b ibn Malik said: When Ka'b ibn Malik heard the call to prayer on Friday, he prayed for As'ad ibn Zurarah. I asked him: What is the



matter that when you hear the call to prayer, you pray for As'ad ibn Zurarah? He replied: This is because he held the Friday prayer for the first time for us at Hazm an-Nabit of Harrah belonging to Banu Bayadah in Naqi', called Naqi' al-Khadumat. I asked him: How many were you at that time? He said: Forty.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু কা'ব ইবনু মালিক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন